বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

ত্রৈমাসিক বুলেটিন

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ : ০৩ সংখ্যা : ১০ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ জুলাই ২০২১ খ্রি.

## মুজিব বর্ষ উপলক্ষে
## ডিপিডিসি'র ভ্রাম্যমাণ বিদ্যুৎ সেবা নিয়েছেন ২৯৪৫ জন গ্রাহক




মুজিব বর্ষ উপলক্ষে গ্রাহকদের দোরগোড়ায় নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) গত ১৮ মার্চ থেকে ০১ এপ্রিল পর্যন্ত ১২ দিনব্যাপী ভ্রাম্যমাণ বিদ্যুৎ সেবা প্রদান করেছে। এ সেবার আওতায় ১২ দিনে মোট ২৯৪৫ জন গ্রাহক বিভিন্ন ধরনের সেবা গ্রহণ করেছেন।

ভ্রাম্যমাণ বিদ্যুৎ সেবার অংশ হিসেবে বৈদ্যুতিক দুর্ঘটনা সম্পর্কে সম্মানিত গ্রাহকদের সচেতন করতে গুরুত্ব দিয়ে প্রচারণা চালানো হয়েছে। এছাড়াও সুসজ্জিত তিনটি ভ্রাম্যমাণ ভ্যানে ডিপিডিসি'র ৩৬টি এনওসিএস বিভাগে সম্মানিত গ্রাহকদের তাৎক্ষণিকভাবে বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে। ডিপিডিসি'র ভ্রাম্যমাণ ভ্যানে গ্রাহকগণের অনলাইনে নতুন সংযোগ প্রদান, মিটার ও নাম পরিবর্তন, বিদ্যুৎ বিল সংশোধন, প্রিপেইড মিটারের কার্ড রিচার্জ, বিল সংক্রান্ত সমস্যা সমাধানসহ তাৎক্ষণিক ভাবে বিদ্যুৎ সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও সমাধান প্রদান করা হয়। ১২ দিনে মোট ২৯৪৫ জন গ্রাহক সেবা গ্রহণ করেছেন। গ্রাহকদের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে ভ্রাম্যমাণ সেবা কেন্দ্র হতে অনলাইনে নতুন সংযোগ সংক্রান্ত সেবা ২১৫৩টি, লোড বৃদ্ধি ৪২টি, মিটার পরিবর্তন ৩২৫টি, বিল সংক্রান্ত সেবা ৭২টি, ট্যারিফ পরিবতন ৩৬টি, নাম/ঠিকানা পরিবর্তন ১৬০টি, প্রি পেইড সংক্রান্ত সেবা ৫৪টি এবং ১০৩টি অন্যান্য সেবা প্রদান করা হয়েছে।

প্রতিটি ভ্রাম্যমাণ ভ্যানের সঙ্গে টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট এলাকার দায়িত্বপ্রাপ্ত ডিপিডিসি'র কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। গ্রাহকরা আবেদন করার পর কর্মকর্তারা চাহিদা নোট তৈরি করেছেন এবং টেকনিক্যাল টিম গ্রাহকদের প্রয়োজনীয় সেবা প্রদান করেছেন।

উল্লেখ্য, ১৮ মার্চ ২০২১ তারিখে মুজিব বর্ষ উপলক্ষে অনলাইন 'জুম' প্লাটফর্মের মাধ্যমে ভ্রাম্যমাণ বিদ্যুৎ সেবা কার্যক্রমের উদ্বোধন করেন মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ ডিপিডিসি। উদ্বোধনী অনুষ্ঠানে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, নির্বাহী পরিচালক (ইঞ্জিনিয়ারিং), কোম্পানি সচিব, প্রধান প্রকৌশলী ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মত বিনিময় সভা




২৮ ডিসেম্বর ২০২০ তারিখে ডিপিডিসি'র প্রধান প্রকৌশলী এনওসিএস (সেন্ট্রাল) দপ্তর কর্তৃক শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মত বিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় ডিপিডিসির প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী এবং বিভিন্ন শ্রেণির সম্মানিত গ্রাহক ও বিভিন্ন অংশীজনের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

## ভারতীয় হাইকমিশনার ও ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালকের ঢাকার রামকৃষ্ণ মিশন পরিদর্শন



গত ২৫ অক্টোবর ২০২০ তারিখে বাংলাদেশে নিযুক্ত মান্যবর ভারতীয় হাইকমিশনার শ্রী বিক্রম কুমার দোরাইস্বামী ও ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান ঢাকার রামকৃষ্ণ মিশন পরিদর্শন করেন। দুর্গাপূজায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের অংশ হিসেবে সরজমিনে পরিদর্শন করা হয়। এছাড়াও আশ্রমের পরম শ্রদ্ধেয় গুণীজনের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় মান্যবর হাইকমিশনার এর স্ত্রী এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সদস্য (পিএন্ডডি) প্রকৌশলী আশুতোষ রায়সহ ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণে ডিপিডিসি-কে 'সওজ' এর জমি ব্যবহারের অনুমতি



গত ৯ নভেম্বর ২০২০ তারিখে ডিপিডিসি'র তেজগাঁও এনওসিএস এর আওতাধীন এলাকায় "সওজ ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্র" নির্মাণের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ডিপিডিসি'কে ০৮.০০ (আট) কাঠা জমি অস্থায়ী ভিত্তিতে ব্যবহারের অনুমতি প্রদান করা হয়। এ উপলক্ষে ডিপিডিসি'র সম্মেলন কক্ষে এক সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। ডিপিডিসি'র পক্ষে কোম্পানি সচিব মোঃ আসাদুজ্জামান সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন। উক্ত অনুষ্ঠানে সড়ক ও জনপথ অধিদপ্তর এবং ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## এক পোল এক ট্রান্সফরমার



ডিপিডিসির নর্থ জোনের প্রধান প্রকৌশলী মোঃ মুজিবুর রহমান ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাইফুল আমিন উদ্ভাবন করেছেন নতুন প্রযুক্তি "এক পোল এক ট্রান্সফরমার"। প্রথম এ উদ্ভাবনটি জিগাতলা ৩৩ কেভি উপকেন্দ্রের সামনে সাতমসজিদ রোডে একটি ১১ মিটার পোলে ২০০ কেভিএ (ডিপিডিসি'র প্রচলিত সাইজ) ক্ষমতা সম্পন্ন ট্রান্সফরমার স্থাপনের ডিজাইন করে লাইনে স্থাপন করা হয়। ট্রান্সফরমারটি ২৪ নভেম্বর ২০২০ তারিখে কমিশনিং করা হয়েছে। উদ্ভাবিত নতুন ডিজাইন অনুযায়ী কাজ সম্পন্ন করতে ট্রান্সফরমারের ডিওএফসি চ্যানেল, প্লাটফরম, ব্রেসিং, ব্রাকেট ইত্যাদির নতুন ডিজাইন তৈরি করতে হয়েছে।

নব-উদ্ভাবিত সফলতাকে কাজে লাগিয়ে ডিপিডিসি পুরোনো ঢাকায় সংকীর্ণ গলিতে ট্রান্সফরমার স্থাপনের চ্যালেঞ্জ মোকাবেলা করতে সক্ষম হবে। এই উদ্ভাবনের আরেকটি বড় দিক হলো প্রচলিত নিয়মে ট্রান্সফরমার স্থাপনের চেয়ে প্রায় অর্ধেক খরচে কাজটি করা যাবে। পুরো কাজটি অত্যন্ত গ্রাহক বান্ধব। কোন বাড়ির মালিকের জমি ব্যবহার করতে হবে না বিধায় গ্রাহকগণ সন্তুষ্ট থাকবেন। সম্প্রতি বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন ক্ষুদ্রশিল্প গ্রাহকদের সুবিধার্থে এলটিতে (৪১৫ ভোল্ট) ৮০ কিলোওয়াট পর্যন্ত লোড ব্যবহারের বিধান জারি করেছে। একটি ২০০ কেভিএ ট্রান্সফরমারের সর্বোচ্চ ক্ষমতা ১৬০ কিলোওয়াট। অর্থাৎ পাশাপাশি কয়েকটি এক জাতীয় শিল্প-কারখানা থাকলে একটি ট্রান্সফরমার দিয়ে ২টির বেশি শিল্পকে সংযোগ দেয়া সম্ভব হয় না। অথচ শিল্পায়নকে উদ্বুদ্ধ করতে পাশাপাশি একাধিক ট্রান্সফরমার স্থাপন করতে হবে। বাস্তবতা হলো প্রতিটি ট্রান্সফরমারের জন্য দুটি করে পোল বসালে রাস্তার ব্যবহারযোগ্য প্রশস্ততা আরো হ্রাস পাবে; যা নতুন শিল্পায়নের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব ফেলবে।

মোঃ মুজিবুর রহমান উদ্ভাবিত ডিজাইনের সকল বিষয় আরো বিশদভাবে পরীক্ষা-নিরীক্ষা করে লাগসই সকল ক্ষেত্রে এর প্রচলন করা সম্ভব হবে। ইনোভেশন কর্মকর্তা হিসাবে এই ট্রান্সফরমার স্থাপন ও চালু করার সার্বিক তত্ত্বাবধান করেছেন সাইফুল আমিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্টোর সার্কেল, ডিপিডিসি।

## ডিপিডিসি'র পরিচালনা পর্ষদে চেয়ারম্যান হিসেবে বিদ্যুৎ সচিব এর যোগদান




গত ৩০ নভেম্বর ২০২০ তারিখে ডিপিডিসি'র পরিচালনা পর্ষদে মাননীয় চেয়ারম্যান হিসেবে যোগদান করেছেন জনাব মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। সদ্য যোগদানকৃত মাননীয় চেয়ারম্যানকে ফুলের তোড়া দিয়ে ডিপিডিসি'র পরিচালনা পর্ষদ এর সকল সদস্যবৃন্দ স্বাগত জানান। এ সময় সদ্য যোগদানকৃত মাননীয় চেয়ারম্যান ডিপিডিসি'র কর্মকর্তাদের সাথে কুশল বিনিময় ও ডিপিডিসি'র কর্মকাণ্ডকে বেগবান করার বিষয়ে আলোচনা করেন।

## ডিপিডিসি'র উদ্যোগে মহান বিজয় দিবস উদযাপন



১৬ই ডিসেম্বর বাঙালি জাতির বীরত্বের এক অবিস্মরণীয় দিন, গৌরবের দিন। ডিপিডিসি'র প্রধান কার্যালয়ে স্থাপিত "মুজিব কর্নারে" পুষ্পস্তবক অর্পণ করার মাধ্যমে দিনটির সূচনা করা হয়। এ উপলক্ষে ডিপিডিসি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় মুক্তিযুদ্ধ বিষয়ক কবিতা আবৃত্তি ও মুক্তিযুদ্ধের বিভিন্ন ঘটনার স্মৃতিচারণ করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী সকল শহীদ ও মুক্তিযোদ্ধাদের বিনম্র শ্রদ্ধায় স্মরণ করা হয়। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান মহোদয়ের সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় সকল নির্বাহী পরিচালক, কোম্পানি সচিব, প্রধান প্রকৌশলী ও মহাব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন।

## ইংরেজি নববর্ষ ২০২১ উদযাপন



নতুন বছরের প্রথম কার্যদিবসে কেক কাটার মাধ্যমে ইংরেজি নববর্ষ ২০২১ উদযাপন করা হয়। ডিপিডিসি'র সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। ডিপিডিসি'র নির্বাহী পরিচালকগণ, কোম্পানি সচিব/প্রধান প্রকৌশলী/জেনারেল ম্যানেজারসহ প্রধান কার্যালয়ের ডিজিএম পদমর্যাদার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় গত বছরে কোভিড-১৯ মহামারীতেও বিদ্যুৎ ব্যবস্থা স্বাভাবিক রাখার জন্য ডিপিডিসি'র এমপ্লয়িগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া নতুন বছরে ডিপিডিসি'র নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার ব্যাপারে সর্বাত্মক সচেষ্ট থাকার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। পরিশেষে এমডি মহোদয় ডিপিডিসি'র সকল সম্মানিত গ্রাহক ও এমপ্লয়িগণের উজ্জ্বল ভবিষ্যৎ ও সুস্বাস্থ্য কামনা করে নতুন বছরের শুভেচ্ছা জ্ঞাপন করেন।

# ডিপিডিসি'র সাথে ৫টি বেসরকারি হাসপাতালের চুক্তি স্বাক্ষর







ডিপিডিসি'র এমপ্লয়িগণের স্বাস্থ্য সুরক্ষার গুরুত্ব বিবেচনায় বিশেষ করে কোভিড পরিস্থিতিতে এমপ্লয়িদের জরুরি চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে ডিপিডিসির ব্যবস্থাপনা পরিচালকের সম্মতিক্রমে কর্পোরেট হাসপাতালগুলোর সাথে অগ্রাধিকার ভিত্তিতে এবং বিশেষ ডিসকাউন্টে চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত চুক্তি সম্পাদনের উদ্যোগ নেয়া হয়। তারই ধারাবাহিকতায় চিফ মেডিকেল অফিসারের তত্ত্বাবধানে তিনটি হাসপাতাল, যথা- ইউনাইটেড হাসপাতাল, আজগর আলী হাসপাতাল এবং ল্যাব এইড হাসপাতালের সাথে গত ০৬ জানুয়ারি ২০২১ তারিখে ডিপিডিসির কনফারেন্স রুমে তিনটি চুক্তি সম্পাদিত হয়। চুক্তি সম্পাদন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিপিডিসির ব্যবস্থাপনা পরিচালক, এক্সিকিউটিভ ডিরেক্টরগণ, কোম্পানি সচিব, প্রধান প্রকৌশলীবৃন্দসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

ইউনাইটেড হাসপাতালের পক্ষ হতে উপস্থিত ছিলেন ডিরেক্টর (কমিউনিকেশন এন্ড বিজনেস ডেভেলপমেন্ট) ডাঃ শাগুফা আনোয়ার, আজগর আলী হাসপাতালের পক্ষ হতে উপস্থিত ছিলেন জনাব মারুফ বিন হাফিজ, ম্যানেজার, কর্পোরেট এফেয়ার্স মার্কেটিং এন্ড বিজনেস ডেভেলপমেন্ট এবং ল্যাবএইড এর পক্ষ হতে উপস্থিত ছিলেন এক্সিকিউটিভ জনাব মিজান।

এই চুক্তির ফলে, ডিপিডিসি'র কর্মকর্তা-কর্মচারীগণ এবং তাদের পোষ্যগণ (বাবা-মা, সন্তান, স্বামী/স্ত্রী) উক্ত হাসপাতালগুলো থেকে অগ্রাধিকার ভিত্তিতে এবং বিশেষ ডিসকাউন্টে চিকিৎসা সুবিধা পাবেন। চুক্তি অনুসারে ইউনাইটেড হাসপাতালের পক্ষ হতে ২০% ডিসকাউন্টে সকল প্যাথলজিক্যাল পরীক্ষা, ১০% ডিসকাউন্টে রেডিওলজি ও ইমেজিং এবং কেবিন রেটের উপর ৫% সুবিধা।

আজগর আলী হাসপাতালের পক্ষ হতে আউটডোর ও ইনডোরে সকল প্যাথলজিক্যাল, রেডিওলজি এবং ইমেজিং এ ১০% ডিসকাউন্ট, কেবিন রেটের উপর ৫% ও মডেল ফার্মেসি হতে ৩% ডিস্কাউন্টে চিকিৎসা সুবিধা এবং ল্যাব এইড হাসপাতালের সকল শাখায় সকল প্যাথলজিক্যাল এ ২০%, কেবিন রেটের উপর ১০%, রেডিওলজি এবং ইমেজিং এ (এক্স-রে, সি টি স্ক্যান, এম আর আই, ই সি জি, আল্ট্রাসনোগ্রাম, ইকো এবং ই টি টি-তে) ১০% ডিসকাউন্ট সুবিধা প্রাপ্য হবেন। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তার বক্তব্যে সকল এমপ্লয়িগণকে স্বাস্থ্য সচেতন হওয়া ও চুক্তিকৃত হাসপাতালগুলো থেকে অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় চিকিৎসা সেবা গ্রহণের ব্যাপারে পরামর্শ দেন। পরবর্তীকালে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে এভারকেয়ার হাসপাতাল ও বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতাল লি. এর সাথেও ডিপিডিসি'র অনুরূপ চুক্তি স্বাক্ষরিত হয়, যার আওতায় এমপ্লয়িগণ ডিসকাউন্ট মূল্যে চিকিৎসাসেবা গ্রহণ করতে পারবেন।

# বিডা'র অনলাইন ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম উদ্বোধন




৩১ ডিসেম্বর ২০২০ খ্রি. বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) এর অনলাইন ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের (On-Line One-Stop Service Portal) মাধ্যমে ডিপিডিসিসহ নতুন ০৬টি সেবা প্রদান কার্যক্রম উদ্বোধন করা হয়। এর আওতায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ দেশি-বিদেশি বিনিয়োগকারীদের অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) পোর্টালের মাধ্যমে ডিপিডিসি'র বিদ্যুতের নতুন সংযোগের আবেদনের অনলাইন সেবা প্রদান করা হবে।

মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান ফজলুর রহমান, এমপি উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলাম উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বাকি অংশ ষষ্ঠ পৃষ্ঠায়

## ডিপিডিসি বিজ্ঞপ্তি

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

**বিদ্যুৎ সংযোগের জন্য সরকারি ফি ব্যতীত বাড়তি টাকার প্রয়োজন নেই। ডিপিডিসির কোন এমপ্লয়ি অতিরিক্ত টাকা দাবি করলে সরাসরি অভিযোগ করুন।**

**বিদ্যুৎ সংযোগ কিংবা সেবা গ্রহণে অযথা কোন মধ্যস্বত্বভোগী কিংবা দালালের আশ্রয় গ্রহণ করবেন না।**

| | |
|---|---|
| নির্বাহী পরিচালক অপারেশন | : ০১৭৩০ ৩৩৫০৭৯ |
| কোম্পানি সচিব | : ০১৭৩০ ৩৩৫০২৬ |
| প্রধান প্রকৌশলী (সেন্টাল) | : ০১৭৩০ ৩৩৫০৯৪ |
| প্রধান প্রকৌশলী (নর্থ) | : ০১৭৩০ ৩৩৫০৮০ |
| প্রধান প্রকৌশলী (সাউথ) | : ০১৭৩০ ৩৩৫০৭৬ |
| ডিজিএম, পাবলিক রিলেশনস | : ০১৭৩০ ৩৩৫২১৮ |

ডিপিডিসি বুলেটিনে ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। ভবিষ্যতে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানের খবর ও ছবি ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং ডিপিডিসি'র নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

dgmhrpr@dpdc.org.bd

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্মবার্ষিকী পালন



হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্মবার্ষিকী উপলক্ষে ডিপিডিসি'র প্রধান কার্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধু কর্নারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়। পুষ্পস্তবক অর্পণ করেন মো: হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ ডিপিডিসি ও ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। এ সময় ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, প্রধান প্রকৌশলী/জেনারেল ম্যানেজারগণ ছাড়াও বিদ্যুৎ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ডিপিডিসি'র ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরের "শুদ্ধাচার পুরস্কার" প্রদান



তরিকুল ইসলাম টিটু
নির্বাহী প্রকৌশলী



সুলতান মাহমুদ
সিকিউরিটি সুপারভাইজার



মোঃ আব্দুল হান্নান মিয়া
ডেপুটি ম্যানেজার



মোহাম্মদ কামরুজ্জামান
কমপ্লেইন সুপারভাইজার

২৩ জুন ২০২১ তারিখে ডিপিডিসি'র প্রধান কার্যালয়ে অবস্থিত সম্মেলন কক্ষে ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরের "শুদ্ধাচার পুরস্কার" বিতরণ অনুষ্ঠিত হয়। জেনারেল ম্যানেজার (এইচ আর) দপ্তর কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান নির্বাচিত এমপ্লয়িদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। শুদ্ধাচার চর্চায় ২০১৮-১৯ অর্থ বছরে শ্রেষ্ঠ কর্মকর্তা নির্বাচিত হয়েছেন মোঃ আব্দুল হান্নান মিয়া, ডেপুটি ম্যানেজার (ফিন্যান্স), ডিজিএম (অডিট), গভর্ণমেন্ট এন্ড রেভিনিউ অডিট দপ্তর এবং শ্রেষ্ঠ কর্মচারী হয়েছেন মোহাম্মদ কামরুজ্জামান, কমপ্লেইন সুপারভাইজার, এনওসিএস বাংলাবাজার দপ্তর। এছাড়াও ২০১৯-২০ অর্থ বছরে শ্রেষ্ঠ কর্মকর্তা নির্বাচিত হয়েছেন তরিকুল ইসলাম টিটু, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস কামরাঙ্গীরচর দপ্তর এবং শ্রেষ্ঠ কর্মচারী হয়েছেন সুলতান মাহমুদ, সিকিউরিটি সুপারভাইজার, বর্তমানে সুইচ বোর্ড এটেনডেন্ট হিসেবে কর্মরত আছেন। ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, কোম্পানি সচিব, জেনারেল ম্যানেজার (এইচ আর) সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়াও কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় ডিপিডিসি'র ম্যানেজার/নির্বাহী প্রকৌশলী পর্যন্ত কর্মকর্তাগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠানে সংযুক্ত থাকেন। নির্বাচিত এমপ্লয়িদের মধ্যে পুরস্কার হিসেবে সনদপত্র, এক মাসের মূল বেতন এবং ফুলের তোড়া দিয়ে সম্মাননা প্রদান করা হয়।

## ডিপিডিসি'র বার্ষিক প্রতিবেদন ২০১৯ মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী এর কাছে হস্তান্তর



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর বার্ষিক প্রতিবেদন ২০১৯ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ এর কাছে হস্তান্তর করেছেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। এ সময় উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (প্রকৌশল) মো: গিয়াস উদ্দিন জোয়ার্দার ও কোম্পানি সচিব মো: আসাদুজ্জামান।

## মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য ডিপিডিসি'র কর্মকর্তাদের ব্যক্তিগত অনুদান হস্তান্তর



'আশ্রয়নের অধিকার, শেখ হাসিনার উপহার' মূলমন্ত্রে মুজিববর্ষে ৯ লাখ গৃহহীনকে ঘর উপহার দেয়ার পরিকল্পনার অংশ হিসেবে ৬৫ হাজারেরও বেশি পরিবারের হাতে জমির দলিল ও ঘরের চাবি তুলে দিয়েছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মাননীয় প্রধানমন্ত্রীর এই উদ্যোগে বিদ্যুৎ বিভাগও সামিল হয়েছে। বিদ্যুৎ বিভাগ শুধু শতভাগ মানুষকে বিদ্যুতায়নের আওতায় আনছে না। এর সাথে সাথে সামাজিক দায়বদ্ধতার জায়গা থেকেও গৃহহীনদের ঘর নির্মাণে এগিয়ে এসেছে। বিদ্যুৎ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন দপ্তর, সংস্থা ও কোম্পানির পাশাপাশি বেসরকারী বিদ্যুৎ উৎপাদন প্রতিষ্ঠানগুলোও জাতির পিতার জন্মশত বর্ষে গৃহহীনদের গৃহ প্রদান কর্মসূচির আওতায় প্রায় সাড়ে ৪শ' ঘর নির্মাণ করে দিয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা ২০২০ এর বাস্তবায়নের অংশ হিসেবে "বাড়ী নির্মাণ" কাজের জন্য ডিপিডিসি'র কর্মকর্তাদের স্বতস্ফূর্ত ব্যক্তিগত অনুদানের প্রথম কিস্তি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট হস্তান্তর করা হয়।

## মহান শহীদ দিবসে ডিপিডিসি'র শ্রদ্ধাঞ্জলি




অমর একুশে ফেব্রুয়ারি, মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ডিপিডিসি'র সকল স্তরের এমপ্লয়ি কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

■৪ নং পৃষ্ঠার পর **বিডা'র অনলাইন :** ডিপিডিসি এই ওয়েব পোর্টালে সংযুক্ত হওয়ায় বিনিয়োগকারীরা একটি প্ল্যাটফর্মে সকল সেবা সহজে অনলাইনে প্রাপ্তির পথ আরো উন্মোচিত হল। এ সুবিধা প্রাপ্তির ফলে ডিপিডিসি'র আওতাধীন এলাকার বিনিয়োগকারীগণ সহজে বিডার ওয়েব পোর্টাল হতে অন্যান্য সেবার পাশাপাশি নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন এবং প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে পারবেন। পরবর্তীতে নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে তার আবেদনের Status অনলাইনে মনিটর করতে পারবেন এবং প্রত্যেক ধাপ সম্পন্ন হওয়ার পর এসএমএস পাবেন। সবশেষে গ্রাহক অনলাইনে সোনালী ব্যাংকের মাধ্যমে তার নতুন সংযোগ ফি প্রদান করে নির্ধারিত সময়ের মধ্যে সংযোগ পেতে পারবেন।

■শেষ পৃষ্ঠার পর **চারটি পদক লাভঃ** কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence) ব্যবহার করে সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে অপারেশন সম্পাদন দ্বারা কোন নাগরিক পরিষেবা প্রদান এবং মানুষের হস্তক্ষেপ হ্রাস করার জন্য নতুন তথ্য তৈরি করতে কোন প্রযুক্তির উদ্ভাবন করলে এ ক্যাটাগরিতে পুরস্কার দেয়া হয়। ডিপিডিসির "Meter Reading Snapshot Validation via Deep Learning Techniques" প্রজেক্টটি এ ক্যাটাগরিতেও পুরস্কার লাভ করে।

IoT প্রযুক্তির ব্যবহার করে ডাটা আহরণের জন্য নতুন দক্ষতা তৈরি করতে বা নির্ভুলতা বাড়াতে Internet of Things ক্যাটাগরিতে পুরস্কার দেয়া হয়। নাগরিক পরিষেবাদির ডিজিটালাইজেশনে ডিপিডিসির "IoT based automatic power interruption monitoring System (PIMS)" প্রজেক্টটি এ ক্যাটাগরিতে পুরস্কার লাভ করে। এ প্রযুক্তি উদ্ভাবন ও কাজে লাগানোর ফলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ তথা গ্রাহক সেবার মান উন্নত করতে ডিপিডিসি আরও একধাপ এগিয়ে গেলো।

নাগরিক সেবায় ডিপিডিসি'র অদম্য নিষ্ঠা ও কর্তব্যপরায়ণতার স্বীকৃতি এই পুরস্কার। ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান মহোদয় পুরস্কার বিজয়ী ডিপিডিসি টিমকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন।






## মাননীয় মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস এর সাথে ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাদের সৌজন্য সাক্ষাৎ



গত ২৭ মে ২০২১ তারিখে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) এর মাননীয় মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস মহোদয়ের সাথে ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাগণের ESPSN (G2G) প্রকল্পের আওতায় ধানমন্ডি ও ডিএসসিসি এর আওতাধীন এলাকায় ভূগর্ভস্থ ক্যাবল স্থাপন বিষয়ক আলোচনা সভা ডিএসসিসি'র মেয়র মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, নির্বাহী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) প্রকৌশলী মোঃ গিয়াসউদ্দিন জোয়ার্দার, জিটুজি'র প্রকল্প পরিচালক প্রকৌশলী মোঃ মাহাবুবুর রহমানসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় প্রকল্পের ডিজাইন, পরিকল্পনা বিষয়ের প্রকল্প বাস্তবায়ন বিষয়ে অবহিত করা হয়। মেয়র মহোদয় ধৈর্য্য নিয়ে সম্পূর্ণ উপস্থাপনাটি দেখেন ও সদয় সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

## একদিনে ১ হাজার কেভিএ (KVA) সাব স্টেশন স্থাপন

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মহাখালী মার্কেটকে ১ হাজার শয্যা সম্পন্ন দেশের সবচেয়ে বড় করোনা ডেডিকেটেড হাসাপাতাল হিসেবে তৈরি করেছে স্বাস্থ্য বিভাগ। স্থাপিত এক হাজার শয্যার অস্থায়ী করোনা হাসপাতালে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডিপিডিসি একদিনে তাদের এক হাজার কেভিএ (KVA) বিশিষ্ট উপকেন্দ্রটি সংযোগ প্রদান করে স্বাস্থ্যসেবীদের পাশাপাশি কোভিড রোগীদের সেবায় অংশীদার হয়েছে। ডিপিডিসি'র কর্মীরা নিরলস কাজ করে মাত্র একদিনের মধ্যে সাব স্টেশনটি চালু করেন। এই সাব স্টেশনের মাধ্যমে সরবরাহকৃত বিদ্যুৎ দিয়ে চলবে ডিএনসিসি কর্তৃক স্থাপিত ১০০০ শয্যার অস্থায়ী করোনা হাসপাতাল।

## ডিপিডিসি এবং এনআরবিসি ব্যাংকের মাঝে সমঝোতা চুক্তি স্বাক্ষর



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর সাথে এনআরবিসি ব্যাংক লি. এর একটি সমঝোতা স্মারক (MoU) চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ৩১ মে ২০২১ তারিখে ডিপিডিসি'র সম্মেলন কক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত সমঝোতা স্মারকের আওতায় ডিপিডিসি'র এমপ্লয়িগণ বিভিন্ন ক্যাটাগরিতে ব্যাংক লোনের সুবিধা পাবেন।

## ডিপিডিসি'র ১৫তম বার্ষিক সাধারণ সভা ২০২১ (এজিএম) অনুষ্ঠিত



ডিপিডিসি'র ১৫তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) গত ৩০ জানুয়ারি সন্ধ্যা ০৬:০০ টায় ডিপিডিসি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান ও শেয়ার হোল্ডার মো: হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ডিপিডিসি'র সম্মানিত শেয়ারহোল্ডারগণ, বোর্ড পরিচালকগণ, নির্বাহী পরিচালকগণ, কোম্পানি সচিব ও অডিটরগণ অংশগ্রহণ করেন।

## বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন




ঐতিহাসিক ১০ই জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস। দিবসটি উপলক্ষে ডিপিডিসি'র প্রধান কার্যালয়ে অবস্থিত সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ, ডিপিডিসি শাখার উদ্যোগে আয়োজিত আলোচনায় সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। উক্ত সভায় ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, কোম্পানি সচিব/প্রধান প্রকৌশলী/ জেনারেল ম্যানেজারগণ উপস্থিত ছিলেন। এছাড়াও ডিপিডিসি'র বঙ্গবন্ধু প্রকৌশলী শাখার প্রকৌশলীগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে আলোচনা অনুষ্ঠানে সংযুক্ত থাকেন।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব বর্ষ MUJIB 100

## করোনা ভাইরাস

আতংক নয়
সচেতন হই
স্বাস্থ্যবিধি মেনে চলি

### প্রাথমিক লক্ষণ...

জ্বর, কাশি, মাথা ও গলা ব্যথা, চূড়ান্ত পর্যায়ে অজ্ঞান হয়ে যাওয়া।

### যেভাবে ছড়ায়...

আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে হাঁচি ও কাশির মাধ্যমে।

কোন কিছু স্পর্শ করে ভালোভাবে হাত না ধুয়ে মুখ, নাক, চোখে হাত লাগালে।

সুযোগ, হুজুগ ও গুজবে মেতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি

অধিক ক্রয়, মজুদ ও মুনাফা অর্জনে বিরত থাকুন

জাতীয় ও বৈশ্বিক দুর্যোগে 'দুর্নীতি-লুটপাট নয় মানবিক হোন'

### প্রতিরোধে করণীয়...

- জরুরি প্রয়োজন ছাড়া ঘর থেকে বের না হওয়া।
- কমপক্ষে ২০ সেকেন্ড যাবৎ সাবান দিয়ে বার বার হাত ধোয়া।
- জনসমাগম এড়িয়ে চলা।
- হ্যান্ডশেক ও কোলাকুলি থেকে বিরত থাকা
- আক্রান্ত ব্যক্তির সংস্পর্শ থেকে দূরে থাকা।
- হাঁচি-কাশি দেয়ার সময় মুখ ঢেকে রাখা।
- জনবহুল এলাকায় মাস্ক ব্যবহার করা।
- ঘরে প্রবেশ করে গায়ের পোশাক ধুয়ে ফেলা।
- পশু, পাখি ও বন্যপ্রাণীর সংস্পর্শ থেকে দূরে থাকা।
- প্রাথমিক লক্ষণ দেখা দিলে গোপন না করে চিকিৎসকের পরামর্শ নেয়া

আক্রান্ত ও বিদেশ ফেরৎ ব্যক্তি কোয়ারেন্টাইন না মানলে প্রশাসনকে অবহিত করা।

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

## ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের বিদায়ী চেয়ারম্যানকে শুভেচ্ছা জ্ঞাপন

২২ নভেম্বর ২০২০ তারিখে চাকরি থেকে অবসরজনিত কারণে বিদ্যুৎ বিভাগের সাবেক সচিব ও ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান ড. সুলতান আহমেদ এর ডিপিডিসি'র চেয়ারম্যান পদ থেকে বিদায় উপলক্ষে একটি বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়। চেয়ারম্যান মহোদয়ের বিদায় উপলক্ষে অনুষ্ঠিত সংবর্ধনায় ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের সম্মানিত সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। ডিপিডিসি পরিবারের পক্ষ থেকে বিদায়ী চেয়ারম্যান মহোদয়ের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়।



# জি টু জি প্রকল্পের অন্তর্ভুক্ত হাতিরপুলে ‘ধানমন্ডি টুইন টাওয়ার’ নির্মাণ কাজের শুভ উদ্বোধন




গত ১৯ জুন ২০২১ তারিখে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ এবং শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের অন্তর্ভুক্ত হাতিরপুল এলাকায় আধুনিক ‘ধানমন্ডি টুইন টাওয়ার’ নির্মাণ কাজের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ‘ধানমন্ডি টুইন টাওয়ার’ নির্মাণ কাজের উদ্বোধন করেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ, এমপি।

ধানমন্ডি টুইন টাওয়ার আধুনিক ও নান্দনিক নির্মাণ শৈলীর এক অনন্য উদাহরণ হতে চলেছে। এ ভবনের নকশায় ৫০ শতাংশেরও বেশি জায়গা উন্মুক্ত রাখা রাখা হয়েছে। টুইন টাওয়ারের প্রশস্ত ওয়াকওয়ের ঠিক পাশেই মুক্তিযুদ্ধের স্মারক হিসেবে একটি ভাস্কর্য এবং কৃত্রিম জলাধারের মাঝে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি ফলক নির্মিত হবে। টাওয়ারে ৩ তলা বেসমেন্ট বিশিষ্ট কার পার্কিং থাকবে যেখানে এক সাথে ৮০৮টি গাড়ি পার্ক করা যাবে। ভবনের নান্দনিক নকশার মধ্যে বাণিজ্যিক অঞ্চল, ডিজিটাল যাদুঘর, সিনেপ্লেক্স, ক্যাফে এবং ফুড-কোর্ট অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও একটি ২৩০/১৩২/৩৩ কেভি ভূগর্ভস্থ সাবস্টেশন নির্মিত হবে। যার মাধ্যমে নগরবাসীকে মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা হবে। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান চায়নিজ জিটুজি প্রকল্প ও নির্মিতব্য টুইন টাওয়ারের বিভিন্ন বিষয় তুলে ধরেন।

উদ্বোধনী বক্তব্যে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় বলেন “টুইন টাওয়ারে একদিকে যেমন আধুনিক প্রযুক্তির সন্নিবেশন থাকবে ঠিক তেমনি অন্যদিকে থাকবে বাণিজ্যিক স্পেস। ফলে ডিপিডিসির আয় বাড়বে। এই ভবনে ডিজিটাল মিউজিয়াম থাকবে, যা নতুন প্রজন্মকে বাংলাদেশের বিদ্যুৎ ও বিদ্যুতায়নের রূপান্তর বিষয়ে সচেতন করবে।” অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত চীনা রাষ্ট্রদূত মান্যবর লি জিমিং ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সচিব বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান ডিপিডিসি পরিচালনা পর্ষদ মো: হাবিবুর রহমান।

বিদ্যুৎ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণ, বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থা প্রধানগণ, ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, প্রকল্প পরিচালক, জিটুজি ও তার টিম, প্রধান প্রকৌশলী/জেনারেল ম্যানেজার/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ডেপুটি জেনারেল ম্যানেজারগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়া ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী ও ম্যানেজারগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠানে সংযুক্ত থাকেন।

## “বেসিস ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ডস ২০২০” দুটি ক্যাটাগরিতে চ্যাম্পিয়নসহ ডিপিডিসি'র চারটি পদক লাভ



আইসিটি সেক্টরে দেশের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার “বেসিস ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ডস ২০২০” এ ডিপিডিসি সাফল্য পেয়েছে। বিদ্যুৎ বিভাগ থেকে অংশগ্রহণ করে ডিপিডিসি এবার দুইটি ক্যাটাগরিতে চ্যাম্পিয়নসহ মোট চারটি ক্যাটাগরিতে পদক লাভ করে।

Digital Government ক্যাটাগরিতে নাগরিক পরিষেবাদির ডিজিটাইজেশন এবং উন্নতি এবং বিভিন্ন সেবার জন্য ব্যবহৃত যন্ত্রপাতির দক্ষতা বৃদ্ধির জন্য পুরস্কৃত করা হয়। এই ক্যাটাগরিতে ডিপিডিসি "IoT based automatic power interruption monitoring System (PIMS)" প্রবর্তন করে চ্যাম্পিয়ন হয়।

Research and Development ক্যাটাগরিতে উদ্ভাবনী পণ্য, প্রক্রিয়া এবং পরিষেবা তৈরির জন্য কোন প্রতিষ্ঠানে তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি গবেষণা ও বিকাশের নিমিত্ত এ ক্যাটাগরিতে পুরস্কৃত করা হয়। এই জাতীয় উদ্ভাবনগুলি তাদের বৈশিষ্ট্য এবং কার্যকারিতা প্রদর্শিত হতে পারে। এর আওতায় ডিপিডিসি "Meter Reading Snapshot Validation via Deep Learning Techniques" প্রবর্তন করে চ্যাম্পিয়ন হয়।

বাকি অংশ ষষ্ঠ পৃষ্ঠায়

সম্পাদক : **শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি
সহ-সম্পাদক : **ইসতিয়াক আহমেদ**, এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি। আলোকচিত্র : **কে এম দুলাল**। ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯
Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১নং আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।